

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৮

৫. কিতাবুল ঈমান (كتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মৃত্যুবরণ করেন এমন অবস্থায় যে, সে আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করেনি এবং সে ঋণ ও অন্যায়ভাবে অন্যের সম্পদ আতুসাৎ করা থেকে মুক্ত থাকে, তবে সে অবধারিতভাবে জান্নাতে প্রবেশ করবেই

ذِكْرُ إِيجَابِ دُخُولِ الْجَنَّةِ لِمَنْ مَاتَ لَمْ يُشْرِكْ بِاللَّهِ شَيْئًا وَتَعَرَّى عَنِ الدَّيْنِ وَالْغُلُولِ

আরবী

أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ الْمِنْهَالِ الضَّرِيرِ وَأُمَيَّةُ بْنُ بِسْطَامٍ قَالَا حَدَّتَنَا يَزِيدُ بُنُ زُرَيْعٍ قَالَ حَدَّتَنَا سَعِيدٌ عَنْ قَتَادَةَ عَنْ سَالِمٍ بْنِ أَبِي الْجَعْدِ عَنْ مَعْدَانَ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ تَوْبَانَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال: "مَنْ جَاءَ يَوْمَ الْقِيَامَةِ بَرِيئًا مِنْ ثَلَاث دخل الجنة الكبر والغلول والدين".

الراوي: ثَوْبَان | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: صحيح ابن حبان الصفحة أو الرقم: 198 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৯৮. সাওবান রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: 'যে ব্যক্তি তিনটি জিনিস থেকে মুক্ত হয়ে কিয়ামতের দিন আসবে, সে জান্নাতে প্রবেশ করবে। তিনটি জিনিস হলো অহংকার, অন্যের সম্পদ অন্যায়ভাবে আত্মসাৎ ও ঋণ।'[1]

ফুটনোট

[1] নাসাঈ, আস সুনান আল কুবরা: ২/১৪০; দারেমী: ২/২৬২; মুসনাদ আহমাদ: ৫/২৮১; তিরমিযী: ১৫৭৩; ইবনু মাজাহ: ২৪১২; বাইহাকী, আস সুনান: ৫/৩৫৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৭৮৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন